পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

www.bangladeshbank.org.bd
www.bd.org.bd

পিএসডি সার্কুলার নং-১/২০১৩

তারিখ ঃ ২৮ ফেব্রুয়ারী, ২০১৩
১৬ ফাল্গুন, ১৪১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজ (BACH) এর মাধ্যমে সম্পাদিত লেনদেনের উপর চার্জ আদায় প্রসঙ্গে।

বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউস (BACH) এর মাধ্যমে সম্পাদিত লেনদেনের উপর চার্জ আরোপ করে ১৩ নভেম্বর ২০১২ তারিখে প্রকাশিত সার্কুলার নং-৩/২০১২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

আন্তঃ ব্যাংক লেনদেনের নিষ্পত্তি দ্রুত ও নিরাপদ করার জন্য ২০১০ সালে BACH চালুর মাধ্যমে সমগ্র দেশের ৪১টি নিকাশ ঘরকে একটি মাত্র সমন্বিত নিকাশ (Clearing) ব্যবস্থায় একীভূত করা হয়। BACH এর দুটি শাখা- বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম (BACPS) এবং বাংলাদেশ ইলেক্ট্রনিক ফান্ডস্ ট্রান্সফার নেটওয়ার্ক (BEFTN) ব্যাংকগুলোর মাধ্যমে গ্রাহকদের বিশ্বমানের সেবা প্রদান করছে। আমাদের দেশে কেন্দ্রীয় ব্যাংকের নিকাশ ঘরের মাধ্যমে আন্তঃ ব্যাংক লেনদেন নিষ্পত্তি হলেও প্রতিবেশী দেশগুলোসহ অধিকতর অগ্রসর দেশগুলোয় দক্ষ এবং উন্নত ব্যবস্থাপনার স্বার্থে নিকাশ ব্যবস্থার সদস্যদের দ্বারা গঠিত পৃথক সাবসিডিয়ারী প্রতিষ্ঠানের নিজস্ব আয় থেকে ব্যয় সংস্থানের ভিত্তিতে নিকাশ ব্যবস্থা পরিচালিত হচ্ছে। উচ্চ প্রযুক্তি সমৃদ্ধ BACH পরিচালনায় একই মডেল অবলম্বনের প্রারম্ভিক পর্যায় হিসেবেই পিএসডি সার্কুলার নং-৩/২০১২ দ্বারা BACH এর মাধ্যমে লেনদেনের উপর ন্যূনতম মাত্রায় চার্জ আরোপ করা হয়। এ বিষয়ে বিভিন্ন মহলের প্রতিক্রিয়া বিবেচনায় নিয়ে চার্জ এর কাঠামো নিম্নরূপভাবে পুনর্নির্ধারণের সিদ্ধান্ত নেয়া হয়েছে, যাতে BACH ও অংশ গ্রহণকারী ব্যাংকগুলোর মধ্যে চার্জ এর বন্টন যৌক্তিককরণ ছাড়াও কিছু কিছু লেনদেন নিষ্পত্তি আপাততঃ চার্জ এর আওতামুক্ত থাকবে।

(১) ৫০ হাজার টাকার কম সব ধরনের চেক ক্লিয়ারিং চার্জ এর আওতামুক্ত থাকবে ;
(২) চেকের পরিবর্তে ইলেকট্রনিক পদ্ধতির ব্যবহার উৎসাহিত করার লক্ষ্যে সকল EFT লেনদেন চার্জ এর আওতামুক্ত থাকবে;
(৩) সকল ধরনের G2P (সরকার কর্তৃক ব্যক্তিকে প্রদেয়) চেক ক্লিয়ারিং চার্জের আওতামুক্ত থাকবে ;
(৪) টাকার অংক নির্বিশেষে সকল ধরনের সরকারী প্রাপ্তির বিপরীতে (যথাঃ চালানের বিপরীতে কিংবা সঞ্চয়পত্র ক্রয়ের উদ্দেশ্যে) গৃহিত চেক, ইউটিলিটি বিল এবং সিটি কর্পোরেশন/পৌরসভার বিভিন্ন পাওনার বিপরীতে গৃহীত সকল চেক ক্লিয়ারিং চার্জের আওতামুক্ত থাকবে ;
(৫) ৫০ হাজার কিংবা তদূর্ধ কিন্তু ৫ লক্ষ টাকার কম অঙ্কের চেক ক্লিয়ারিং এর জন্য ১০ টাকা (ভ্যাটসহ) চার্জ আদায়যোগ্য হবে; যার মধ্যে BACH এর প্রাপ্য হবে ৮ টাকা এবং উপস্থাপনকারী ব্যাংকের প্রাপ্য হবে ২ টাকা ;
(৬) দেশের যেকোন অঞ্চলের হাইভ্যালু চেক (৫ লক্ষ টাকা বা তদূর্দ্ধ) Same Day Clearing এর জন্য ভ্যাটসহ ৬০ টাকা চার্জ প্রযোজ্য হবে যার মধ্যে BACH এর প্রাপ্য হবে ৫০ টাকা এবং উপস্থাপনকারী ব্যাংকের প্রাপ্য হবে ১০ টাকা। তবে ৫ লক্ষ বা তদূর্দ্ধ অংকের চেক রেগুলার ভ্যালু ক্লিয়ারিংয়ে উপস্থাপিত হলে (ভ্যাটসহ) সর্বোচ্চ ২৫ টাকা চার্জ প্রযোজ্য হবে, যার মধ্যে BACH ও উপস্থাপনকারী ব্যাংকের প্রাপ্য হবে যথাক্রমে ২০ টাকা ও ৫ টাকা ;
(৭) ধার্যকৃত চার্জ চেকের প্রাপক (Payee) থেকে আদায় করা যাবে। তবে কোন ব্যাংক নিজস্ব সিদ্ধান্তে গ্রাহকের কাছ থেকে চার্জ গ্রহণ না করে নিজস্ব উৎস হতেও BACH এর প্রাপ্য চার্জ পরিশোধ করতে পারবে।

চার্জ হিসাবায়নের সুবিধার্থে অংশগ্রহণকারী প্রতিটি ব্যাংক, পরবর্তী মাসের দ্বিতীয় কর্মদিবসের মধ্যে পূর্ববর্তী মাসে সম্পাদিত চার্জের আওতাবহির্ভূত লেনদেনের তথ্য (যথাঃ চেক নম্বর, উপস্থাপনের তারিখ ও টাকার অংক) সম্বলিত একটি তালিকা অত্র বিভাগে দাখিল করবে।

সংশোধিত এ ক্লিয়ারিং চার্জ মার্চ ২০১৩ হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কার্যকর থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,
স্বাক্ষরিত/-
(এস,এম, রেজাউল করিম)

চলমান পাতা-০২

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

শাখা নিয়ন্ত্রণ বিভাগ

পৃষ্ঠাংকনপত্র নং-প্রকা/শানিবি-১৩৪/২০১২-১৩/৯৬৭ (৩৯২) তারিখ ঃ ১২-০৩-২০১৩

সকল জোনাল ব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক, ঢাকা শাখা, ঢাকা/এলপিও, রাজশাহী এবং সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক। তাঁদেরকে অপর পৃষ্ঠায় বর্ণিত পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংকের পিএসডি সার্কুলার নং-০১/ ২০১৩; তারিখ ২৮.০২.২০১৩ইং এর নির্দেশনার আলোকে **বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজের (BACH) মাধ্যমে সম্পাদিত লেনদেনের** উপর আরোপিত সংশোধিত হারে চার্জ **মার্চ ২০১৩ হতে আরোপ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো** যা পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কার্যকর থাকবে। এছাড়া চার্জ হিসাবায়নের সুবিধার্থে প্রতিটি জোনাল কার্যালয়ের আওতাধীন সংশ্লিষ্ট শাখার **পূর্ববর্তী মাসে** সম্পাদিত চার্জের আওতা বহির্ভূত লেনদেনের একীভূত তথ্য (যথাঃ চেক নম্বর, উপস্থাপনের তারিখ ও টাকার অংক) আবশ্যিকভাবে **পরবর্তী মাসের প্রথম কর্মদিবসের মধ্যে ই-মেইলের মাধ্যমে অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।** এ বিষয়ে অত্র বিভাগ হতে ২৩.১২.২০১২ তারিখে জারীকৃত BACH এর মাধ্যমে সম্পাদিত লেনদেনের উপর চার্জ আরোপ সংক্রান্ত পত্র নং-প্রকা/শানিবি-১৩৪/২০১২-১৩/৬০৯(৩৯২)/৫২ এর নির্দেশনা বাতিল বলে গণ্য হবে।

(মোঃ লোকমান আলী)
উপ-মহাব্যবস্থাপক
☎ ০৭২১-৮৬২৪৫৫

পৃষ্ঠাংকনপত্র নং-প্রকা/শানিবি-১৩৪/২০১২-১৩/৯৬৭ (৩৯২)/৫৯ তারিখ ঃ ১২-০৩-২০১৩

সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। মহাব্যবস্থাপক, পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনষ্টিটিউট, উপশহর, রাজশাহী।
০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, স্বপ্নছায়া, বাড়ী নং-১৪৪, সেক্টর-২, উপশহর, হাউজিং এস্টেট, রাজশাহী।
১১। অফিস নথি।

১২.০৩.২০১৩
(শামীমা ফেরদৌস শিমুল)
উর্ধতন মুখ্য কর্মকর্তা